গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

এবং

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৭ – জুন ৩০, ২০১৮

# সূচিপত্র

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

উপক্রমণিকা

সেকশন ১: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্য এবং কার্যাবলি

সেকশন ২: প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

**সংযোজনী ১**: **শব্দসংক্ষেপ** (Acronyms)

**সংযোজনী ২**: কর্মসম্পাদন সূচকসমূহ এবং পরিমাপ পদ্ধতি

**সংযোজনী ৩**: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য দপ্তর/সংস্থার উপর নির্ভরশীলতা

## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Directorate of Primary Education )
### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনাঃ

### সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহঃ

প্রাথমিক শিক্ষার সার্বিক দায়িত্ব সাংবিধানিকভাবে রাষ্ট্রের উপর এবং তা বিবেচনায় প্রাথমিক শিক্ষাকে করা হয় অবৈতনিক ও বাধ্যতামূলক। প্রাথমিক শিক্ষার গুরুত্ব উপলব্ধি করে জাতির পিতা বঙ্গবন্ধুর পদাঙ্ক অনুসরণ করে মাননীয় প্রধানমন্ত্রীর নেতৃত্বে বর্তমান সরকার সমতাভিত্তিক ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে নিরলসভাবে কাজ করে যাচ্ছে। সকল শিশুর জন্য মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে শিক্ষক: শিক্ষার্থী এবং শিক্ষার্থী:শ্রেণিকক্ষের অনুপাত হ্রাসকরণের জন্য নতুন শিক্ষকের পদসৃষ্টিসহ মোট ৬৩৪৩৮ জন শিক্ষকের নিয়োগ প্রদান এবং ২০২৭৫টি শ্রেণিকক্ষ নির্মাণ করা হয়েছে। শতভাগ ভর্তি নিশ্চিত করার লক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রাক-প্রাথমিক শিক্ষা চালু এবং ৩৭৬৭২ টি প্রাক-প্রাথমিক শিক্ষকের পদ সৃষ্টি করা হয়েছে । তন্মধ্যে সৃজিত পদে ১৬৮৮৮ জন শিক্ষক নিয়োগ করা হয়েছে। মানসম্মত শিক্ষক প্রশিক্ষণ নিশ্চিত করার লক্ষ্যে নবনির্মিত ১১টি পিটিআই-এ ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন (ডিপইনএড) প্রশিক্ষণ কার্যক্রম চালু করা হয়েছে। প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১ টি করে ৩৬৯৮৮ টি দপ্তরি কাম প্রহরী পদ সৃজন করা হয়েছে এবং তন্মধ্যে ৩১০০০ পদে আউট সোর্সিং এর মাধ্যমে নিয়োগ প্রদান করা হয়েছে। বাকী পদে নিয়োগ প্রক্রিয়া চলমান রয়েছে। শিক্ষার অনুকূল পরিবেশ সৃষ্টির লক্ষ্যে ২৪৪৩২টি নলকূপ স্থাপন ও ১৪২৮৪টি ওয়াশব্লক নির্মাণ করা হয়েছে। ২০১৭ সালের ১ জানুয়ারি সকল শিক্ষার্থীর মধ্যে মানসম্মত ও আকষণীয় পাঠ্যপুস্তক বিতরণ করা হয়েছে। এছাড়া, ঝরে পড়া রোধসহ প্রাথমিক শিক্ষাচক্র সম্পন্নের লক্ষ্যে ছাত্র-ছাত্রীদের শিক্ষা সহায়তা কার্যক্রমের আওতায় ৮৯টি উপজেলায় মোবাইল ব্যাংকিং এর মাধ্যেমে উপবৃত্তি প্রদান করা হয়েছে। উন্নয়ন পরিকল্পনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে ৬৩৬৯১টি প্রাথমিক বিদ্যালয়ের প্রতিটিতে "স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান" বাস্তবায়নের জন্য বাৎসরিক ৪০ হাজার টাকা করে প্রদান করা হচ্ছে। তাছাড়া, কোন শিক্ষা বোর্ডের সহায়তা ছাড়াই নিজস্ব জনবলের মাধ্যমে ২০০৯ থেকে নিয়মিতভাবে গড়ে প্রায় ৩১ লক্ষ পরীক্ষার্থীর প্রাথমিক ও ইবতেদায়ী সমাপনী পরীক্ষা গ্রহণ করা হচ্ছে। শিক্ষার্থীদের মানসিক, শারীরিক ও নান্দনিক বিকাশের লক্ষ্যে প্রতি বছর প্রায় ১ লক্ষ ৩০ হাজার ফুটবল টিমের অংশগ্রহণে বঙ্গবন্ধু ও বঙ্গমাতা গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্ণামেন্ট অনুষ্ঠিত হচ্ছে – যা বিশ্বে বিরল। একই সাথে সকল প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে আন্তঃপ্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হচ্ছে।

**সমস্যা ও চ্যালেঞ্জসমূহ:**

সমতাভিত্তিক ও মানসম্মত শিক্ষা নিশ্চিতকরণ, নতুন শিক্ষক পদ সৃজনসহ শূণ্য পদে শিক্ষক নিয়োগের মাধ্যমে শিক্ষক-শিক্ষার্থী অনুপাত ১:৪০ করা, নির্ধারিত সময়ের মধ্যে বিনামূল্যের পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিতরণ, নতুন ভবন/শ্রেণিকক্ষ নির্মাণ/সংস্কারের মাধ্যমে শ্রেণিকক্ষ-শিক্ষার্থীর কাঙ্খিত অনুপাত অর্জন করা, শিক্ষকদের শ্রেণিকক্ষে গতানুগতিক পাঠদানের প্রবণতা পরিহার করে স্বপ্রনোদিত/উদ্ভাবনী পন্থার অনুসরণে অভ্যস্ত করা, মাঠ পর্যায়ের দপ্তরসমূহের শূন্য পদে কর্মকর্তা/কর্মচারি নিয়োগ দেয়া, ১.৩০ কোটি শিক্ষার্থীর মধ্যে মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে উপবৃত্তি বিতরণ এবং জাতীয় শিক্ষানীতির ভিত্তিতে ৮ম শ্রেণি পর্যন্ত প্রাথমিক শিক্ষা কার্যক্রম বাস্তবায়ন করা।

**ভবিষ্যৎ পরিকল্পনা:**

সকল শিক্ষার্থীর ছবিসহ আইডি কার্ড ও ডাটাবেজ প্রণয়ন করা হবে। প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা এবং অবকাঠামো নির্মাণ ব্যবস্থাপনা স্বয়ংক্রিয়করণের পদক্ষেপ গ্রহণ করাসহ জাতীয় শিক্ষানীতি বাস্তবায়নের লক্ষ্যে ৮ম শ্রেণি পর্যন্ত কারিকুলামকে যুগোপযোগী করা হবে। শিক্ষক প্রশিক্ষণের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও ডিপ্লোমা-ইন-এডুকেশন প্রি-সার্ভিস প্রশিক্ষণে রূপান্তরের জন্য কার্যক্রম শুরু করা হবে। বিদ্যালয় পরিদর্শনে ই-মনিটরিং সিস্টেম চালু করাসহ শিক্ষার্থীদের উপস্থিতি বায়োমেট্রিক পদ্ধতিতে সংরক্ষণ করা হবে। এছাড়া, প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের জন্য মিড-ডে মিল কর্মসূচির সাথে স্থানীয় কমিউনিটিকে আরো বেশি সম্পৃক্ত করার উদ্যোগ গ্রহণ করা হবে।

### ২০১৭-১৮ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:

- সর্বজনীন ও বৈষম্যহীন প্রাথমিক শিক্ষা সম্প্রসারণের জন্য ৬০০০ শ্রেণিকক্ষ, ৬০০০ নলকূপ স্থাপন এবং ৬০০০ ওয়াশব্লক নির্মাণ;
- ০১ জানুয়ারি ২০১৮ তারিখের মধ্যে প্রাথমিক বিদ্যালয়ের সকল ছাত্র-ছাত্রীদের মাঝে বিনামূল্যের পাঠ্যপুস্তক বিতরণ;
- বিদ্যালয়বিহীন গ্রামে ৭৮টি নতুন প্রাথমিক বিদ্যালয় নির্মাণ;
- সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ১০০০০ জন শিক্ষক নিয়োগ;
- ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল প্ল্যান (SLI P) বাস্তবায়নের আওতায় ৬৩৬৯১ টি বিদ্যালয়ে অর্থ ছাড়।

**উপক্রমণিকা (Preamble)**

সরকারি দপ্তর/সংস্থাসমূহের প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০২১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে –

মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

এবং

সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার এর মধ্যে ২০১৭ সালের.......................... মাসের ....................................... তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

সেকশন ১:

প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives), কার্যাবলী (Functions):

## ১.১ রূপকল্প (Vision)

সকল শিশুর জন্য একীভূত ও মানসম্মত প্রাথমিক শিক্ষা।

## ১.২ অভিলক্ষ (Mission)

প্রাথমিক শিক্ষার সুযোগ সম্প্রসারণ ও গুণগতমান উন্নয়নের মাধ্যমে সকল শিশুর জন্য একীভূত ও মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ।

## ১.৩ কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives):

### ১.৩.১ প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) সর্বজনীন ও বৈষম্যহীন টেকসই মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ;
২) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ;
৩) প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার উন্নয়ন।

### ১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ

১) দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত;
২) কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন;
৩) আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন;
৪) দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন;
৫) তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন জোরদার।

## ১.৪ কার্যাবলি: (Functions)

১. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত নীতিমালা প্রণয়ন ও বাস্তবায়ন;
২. প্রাথমিক শিক্ষা স্তরের শিক্ষাক্রম উন্নয়ন/পরিমার্জন;
৩. প্রাথমিক শিক্ষা স্তরের পাঠ্যবইয়ের পাঠ্যসূচি/পাঠ্যক্রম (Curriculum) তৈরি, মুদ্রণ ও বিতরণ;
৪. প্রাথমিক শিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম;
৫. ভৌত অবকাঠামো উন্নয়ন;
৬. বিদ্যালয়ে সুপেয় পানি নিশ্চিতকরণ;
৭. স্বাস্থ্য সম্মত স্যানিটেশন নিশ্চিতকরণ।

## সেকশন ২
## প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | প্রকৃত অর্জন | | লক্ষ্যমাত্রা ২০১৭-১৮ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | | ২০১৮-১৯ | ২০১৯-২০ | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ |
| প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার | প্রাথমিক শিক্ষা সমাপনী চক্রের হার বৃদ্ধি | % | ৭৯.৬ | ৮০.৮ | ৮২ | ৮৪ | ৮৫ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |
| ছাত্র-শিক্ষক অনুপাত | ছাত্র শিক্ষক অনুপাত হ্রাস | অনুপাত | ১:৪২ | ১:৩৯ | ১:৩৮ | ১:৪০ | ১:৪০ | জনপ্রশাসন ও অর্থ মন্ত্রণালয় | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট |

# সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| **প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] সর্বজনীন ও বৈষম্যহীন টেকসই মানসম্মত প্রাথমিক শিক্ষা সম্প্রসারণ | ৪৩ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | সংখ্যা | ৫.০০ | ৬০০০ | ৭০০০ | ৬০০০ | ৫৭০০ | ৫৫০০ | ৫৩০০ | ৫১০০ | ৬৫০০ | ৬৮০০ |
| | | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | সংখ্যা | ৫.০০ | ৬৪২৩ | ৯০০০ | ৬০০০ | ৫৭০০ | ৫৫০০ | ৫৩০০ | ৫১০০ | ৬৫০০ | ৬৮০০ |
| | | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | সংখ্যা | ৪.০০ | ৯০০০ | ৪০০০ | ৬০০০ | ৫৭০০ | ৫৫০০ | ৫৩০০ | ৫১০০ | ৬৫০০ | ৬৮০০ |
| | | [১.৪] উপযুক্ত শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি বিতরণ কার্যক্রম | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | % | ৪.০০ | - | ১০০ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | ১০০ | ১০০ |
| | | [১.৫] নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.৫.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | তারিখ | ৫.০০ | ৩১.০১.১৬ | ০১.০১.১৭ | ০১.০১.১৮ | ০৫.০১.১৮ | ১০.০১.১৮ | ১২.০১.১৮ | ১৫.০১.১৮ | ৩১.০১.১৯ | ৩১.০১.২০ |
| | | [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৫.০০ | ৩২.০০ | ৩০.০০ | ৩০.০০ | ২৯.৫০ | ২৯.০০ | ২৮.৫০ | ২৮.০০ | ৩০.০০ | ৩০.০০ |
| | | [১.৭]বিদ্যালয়ের রুটিন মেরামত ও | [১.৭.১] মেরামতকৃত | সংখ্যা | ৫.০০ | ৫৫০০০ | ১৫০০০ | ২১০০০ | ২০৫০০ | ২০০০০ | ১৯৫০০ | ১৯০০০ | ২০০০০ | ২০০০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | রক্ষণাবেক্ষণ | বিদ্যালয় | | | | | | | | | | | |
| | | [১.৮] বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন। | [১.৮.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | সংখ্যা | ১.০০ | ১০০ | ১৪৫ | ৭৮ | ৭৩ | ৬৮ | ৬৫ | ৬০ | - | - |
| | | [১.৯] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ। | [১.৯.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৫.০০ | ১৩৯৭৪ | ৬০৫২৪ | ১০০০০ | ৯৫০০ | ৯০০০ | ৮৫০০ | ৮০০০ | ১১০০০ | ১১৫০০ |
| | | [১.১০] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রক্ষ)। | [১.১০.১] উপকার ভোগী শিক্ষার্থী | সংখ্যা (লক্ষ) | ৪.০০ | ৩.৩০ | ২.৩৭ | ২.২৫ | ২.২০ | ২.১৫ | ২.১০ | ২.০৫ | - | - |
| [২] মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণ | ৩০ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ। | [২.১.১] নির্ধারিত তারিখে পরীক্ষা সম্পন্ন | তারিখ | ৫.০০ | ৩১.১২.১৫ | ৩১.১২.১৬ | ৩১.১২.১৭ | ০৫.০১.১৮ | ১০.০১.১৮ | ১৫.০১.১৮ | ২০.০১.১৮ | ৩১.১২.১৮ | ৩১.১২.১৯ |
| | | [২.২] প্রাথমিক শিক্ষা সমাপণী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্নের হার | % | ৫.০০ | ৫০ | ৬৫ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ | ৮০ | ১০০ |
| | | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান। | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৫.০০ | ১০০০০ | ১০০০০ | ১০০০০ | ৯৬০০ | ৯০০০ | ৮৮০০ | ৮৬০০ | ১১০০০ | ১১০০০ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপণ (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপণ (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | [২.৪] বিষয়ভিত্তিক প্রশিক্ষণ | [২.৫.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | সংখ্যা | ৪.০০ | - | - | ৩০০০০ | ২৮০০০ | ২৬০০০ | ২৪০০০ | ২২০০০ | ২৫০০০ | ২৫০০০ |
| | | [২.৫] প্রাথমিক শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রচলন। | [২.৪.১] ক্রয়কৃত আইসিটি যন্ত্রপাতির সেট | সংখ্যা | ৩.০০ | ১৭১৮৪ | ১৫০০০ | ১৪০০০ | ১৩৫০০ | ১৩০০০ | ১২৫০০ | ১২০০০ | ১৫০০০ | ১৬০০০ |
| | | [২.৬] মা সমাবেশের আয়োজন | [২.৬.১] সকল প্রাথমিক বিদ্যালয়ে মা সমাবেশের আয়োজন | লক্ষ | ৩.০ | ২.০ | ২.১ | ২.২ | ২.১ | ২.০ | ১.৯ | ১.৮ | ২.৩ | ২.৪ |
| | | [২.৭] মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন | [২.৭.১] প্রাথমিক শিক্ষা বিভাগীয় কর্মকর্তা কর্তৃক প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন | লক্ষ | ৩.০০ | ৩.০ | ৩.১ | ৩.২ | ৩.১ | ৩.০ | ২.৯ | ২.৮ | ৩.৩ | ৩.৩ |
| | | [২.৮] 'অ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস' প্রণয়ন ও প্রকাশ | প্রতি বছর 'অ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস'প্রণয়ন ও প্রকাশ | তারিখ | ২.০০ | ৩১ ডিসেম্বর | ৩১ ডিসেম্বর | ৩১ ডিসেম্বর | ১০ জানুয়ারি | ২০ জানুয়ারি | ২৫ জানুয়ারি | ৩১ জানুয়ারি | ৩১ ডিসেম্বর | ৩১ ডিসেম্বর |
| [৩] প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনা উন্নয়ন | ৭ | [৩.১] ব্যবস্থাপনা বিকেন্দ্রীকরণের লক্ষ্যে স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLI P) | [৩.১.১] স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | সংখ্যা | ৬.০০ | ৬৩৬৯১ | ৬৩৮০০ | ৬৩৬৯১ | ৬২৫০০ | ৬২০০০ | ৬১৫০০ | ৬১০০০ | ৬৩৬৯১ | ৬৩৬৯১ |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | প্রকৃত অর্জন* | | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | | প্রক্ষেপন (Projection) ২০১৮-১৯ | প্রক্ষেপন (Projection) ২০১৯-২০ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৫-১৬ | ২০১৬-১৭* | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| ১ | ২ | ৩ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | ১০ | ১১ | ১২ | ১৩ | ১৪ | ১৫ |
| | | | | | | | | | | | | | | |
| | | [৩.২] উপজেলা ভিত্তিক ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.৩.১] চালুকৃত উপজেলা | সংখ্যা | ১.০০ | - | ৪০ | ৪০ | ৩৮ | ৩৬ | ৩৩ | ৩০ | ১০০ | ১৫০ |

[illegible]

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| [১]দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন নিশ্চিত করা | ৪ | [১.১] ২০১৭-১৮ অর্থবছরের খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি মন্ত্রণালয়ে দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৯ এপ্রিল | ২৩ এপ্রিল | ২৫ এপ্রিল | ২৬ এপ্রিল | ২৭ এপ্রিল |
| | | [১.২] মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষল | নিধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষর | তারিখ | ১ | ১৫ জুন | ১৮ জুন | ১৯ জুন | ২০ জুন | ২১ জুন |
| | | [১.৩] ২০১৬-১৭ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৬ জুলাই | ১৮ জুলাই | ১৯ জুলাই | ২০ জুলাই | ২৩ জুলাই |
| | | [১.৪] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির বাস্তবায়ন পরিবীক্ষণ | ত্রৈমাসিক প্রতিবেদন প্রণীত ও দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| | | [১.৫] ২০১৭-১৮ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিল | নির্ধারিত তারিখে অর্ধবার্ষিক মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১ | ১৪ জানুয়ারি | ১৬ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ২১ জানুয়ারি | ২২ জানুয়ারি |
| [২] কার্যপদ্ধতি ও সেবার মানোন্নয়ন | ৯ | [২.১] ই-ফাইলিং পদ্ধতি বাস্তবায়ন | ই-ফাইলে নথি নিষ্পন্ন | % | ১ | ৪০ | ৩৫ | ৩০ | ২৫ | ২০ |
| | | [২.২] ইউনিকোড ব্যবহার নিশ্চিত করা | ইউনিকোড ব্যবহার নিশ্চিতকৃত | % | ০.৫ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | [২.৩] পিআরএল শুরুর ২ মাস পূর্বে সংশ্লিষ্ট কর্মচারীর পিআরএল, ছুটি নগদায়ন ও পেনশন মঞ্জুরিপত্র যুগপৎ জারি নিশ্চিতকরণ | পিআরএল ও ছুটি নগদায়ন যুগপৎ জারিকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮০ | - | - |
| | | [২.৪] সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদান | প্রকাশিত সিটিজেনস চার্টার অনুযায়ী সেবা প্রদানকৃত | % | ১ | ১০০ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ |
| | | [২.৫] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | [২.৬] সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালু করা | সেবার মান সম্পর্কে সেবাগ্রহীতাদের মতামত পরিবীক্ষণের ব্যবস্থা চালুকৃত | % | ১ | ৮০ | ৭৫ | ৭০ | ৬৫ | ৬০ |
| | | [২.৭] দপ্তর/সংস্থায় কমপক্ষে দুটি অনলাইন সেবা চালু করা | কমপক্ষে দুটি অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | - | - |
| | | [২.৮] দপ্তর/সংস্থায় কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | কমপক্ষে ৩টি সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ৩১ ডিসেম্বর | ৩১ জানুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ১৫ মার্চ | - |

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objective) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicators) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicators) | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৭-১৮ (Target /Criteria Value for FY 2017-18) | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| | | [২.৯] দপ্তর/সংস্থায় ও অধীনস্ত কার্যালয়সমূহের উদ্ভাবনী উদ্যোগ ও Small Improvement Project (SIP) বাস্তবায়ন | উদ্ভাবনী উদ্যোগ ও SIP সমূহের ডাটাবেজ প্রস্তুতকৃত | তারিখ | ১ | ৪ জানুয়ারি | ১১ জানুয়ারি | ১৮ জানুয়ারি | ১৫ মার্চ | - |
| | | | উদ্ভাবনী উদ্যোগ ও রেপ্লিকেটেড | সংখ্যা | ১ | ২৫ | ২০ | ১৫ | ১০ | - |
| [৩] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ৩ | [৩.১] অডিট আপত্তি নিষ্পত্তি | অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |
| | | [৩.২] স্থাবর/অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা প্রস্তুত করা | স্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ১ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | | অস্থাবর সম্পত্তির হালনাগাদ তালিকা | তারিখ | ০.৫ | ১ ফেব্রুয়ারি | ১৫ ফেব্রুয়ারি | ২৮ ফেব্রুয়ারি | ২৮ মার্চ | ১৫ এপ্রিল |
| | | [৩.৩] দপ্তর/সংস্থায় কল্যাণ কর্মকর্তা নিয়োগ করা | কল্যাণ কর্মকর্তা নিয়োগকৃত ও ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টেবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |
| [৪] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ২ | [৪.৪] সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা সংক্রান্ত প্রশিক্ষণসহ বিভিন্ন বিষয়ে কর্মকর্তা/কর্মচারীদের জন্য প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময়* | জনঘণ্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | [৪.৫] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | ২০১৭-১৮ অর্থবছরের শুদ্ধাচার বাস্তবায়ন কর্মপরিকল্পনা এবং বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো প্রণীত ও দাখিলকৃত | তারিখ | ০.৫ | ১৩ জুলাই | ৩১ জুলাই | - | - | - |
| | | | নির্ধারিত সময়সীমার মধ্যে ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ০.৫ | ৪ | ৩ | - | - | - |
| [৫] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৫.১] তথ্য বাতায়ন হালনাগাদকরণ | তথ্য বাতায়ন হালনাগাদকৃত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | [৫.২] স্বপ্রণোদিত তথ্য প্রকাশ | স্বপ্রণোদিত তথ্য প্রকাশিত | % | ০.৫ | ১০০ | ৯০ | ৮৫ | ৮০ | ৭৫ |
| | | [৫.৩] অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন ও প্রকাশ | বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৪ ডিসেম্বর |

আমি মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মন্ত্রীর প্রতিনিধি হিসাবে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয়  সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| মহাপরিচালক<br>প্রাথমিক শিক্ষা অধিদপ্তর। | ২০/০৬/২০১৭<br>তারিখ |
| ..................<br>সচিব<br>প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। | ২৮.০৬.২০১৭.<br>তারিখ |

সংযোজনী-১

# শব্দসংক্ষেপ
# (Acronyms)

| ক্রমিক নং | আদ্যক্ষর | বর্ণনা |
|---|---|---|
| ১ | প্রাগম | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় |
| ২ | প্রাশিঅ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর |
| ৩ | নেপ | ন্যাশনাল একাডেমী ফর প্রাইমারি এডুকেশন |
| ৪ | বিএনএফই | ব্যুরো অব নন-ফরমাল এডুকেশন |
| ৫ | এডিপি | এ্যানুয়াল ডেভেলপমেন্ট প্রোগ্রাম |
| ৬ | এলজিইডি | লোকাল গভর্নমেন্ট ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট |
| ৭ | ডিপিএইচই | ডিপার্টমেন্ট অব পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং |
| ৮ | এনসিটিবি | ন্যাশনাল কারিকুলাম এ্যান্ড টেক্সট বুক বোর্ড |
| ৯ | আইইআর | ইনস্টিটিউট অব এডুকেশন এ্যান্ড রিসার্চ |
| ১০ | বিবিএস | বাংলাদেশ ব্যুরো অব স্টাটিসটিকস |
| ১১ | রস্ক | রিচিং আউট অব স্কুল চিলড্রেন প্রকল্প |
| ১২ | পিইসিই | প্রাইমারি এডুকেশন কমপ্লিশন এক্সামিনেশন |
| ১৩ | ডিপ-ইন-এড | ডিপ্লোমা ইন প্রাইমারি এডুকেশন |
| ১৪ | এপিএসসি | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস |
| ১৫ | পিটিআই | প্রাইমারি ট্রেনিং ইনস্টিটিউট |
| ১৬ | স্লিপ | স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এর বিবরণ এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ
### প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১ | [১.১] শ্রেণিকক্ষ নির্মাণ | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ | জরাজীর্ণ এবং জনাকীর্ণ বিদ্যালয় গুলিতে ৫০ জন শিক্ষার্থীকে একসঙ্গে পাঠদান করানো যায় এমন শ্রেণিকক্ষ নির্মাণ। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ২ | [১.২] নলকূপ স্থাপন | [১.২.১] স্থাপিত নলকূপ | প্রকৃত চাহিদার ভিত্তিতে বিশুদ্ধ এবং আর্সেনিকমুক্ত খাবার পানি সরবরাহের লক্ষ্যে গভীর/অগভীর এবং তারা পাম্প স্থাপন | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৩ | [১.৩] শিক্ষার্থী ও শিক্ষকদের জন্য ওয়াশব্লক নির্মাণ | [১.৩.১] নির্মিত ওয়াশব্লক | পিইডিপি ৩ এর আওতায় ৩টি টয়লেট, ২টি প্রশ্রাবখানা এবং হাত-পা ধোয়ার সুবিধা সংবলিত ওয়াশব্লক নির্মাণ। উল্লেখ্য প্রতি বিদ্যালয়ে ২টি ওয়াশব্লক (একটি ছাত্র ও পুরুষ শিক্ষকদের জন্য এবং অপরটি ছাত্রী ও মহিলা শিক্ষকদের জন্য) থাকবে। | জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং জনস্বাস্থ্য ও প্রকৌশল অধিদপ্তর ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৪ | [১.৪] উপযুক্ত শিক্ষার্থীদের জন্য উপবৃত্তি কার্যক্রম | [১.৪.১] উপবৃত্তি প্রাপ্ত ছাত্র-ছাত্রী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝরে পড়ার হার কমানোর লক্ষ্যে উপবৃত্তি প্রদান প্রকল্পের আওতায় উপবৃত্তি প্রাপ্তির শর্তসমূহ পূরণকৃত শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ। | প্রকল্প পরিচালক<br>উপবৃত্তি প্রদান প্রকল্প, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | |
| ৫ | [১.৫] নির্ধারিত সময়ে বিনামূল্যে পাঠ্যপুস্তক বিতরণ। | [১.৫.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | প্রতিবছর ০১ জানুয়ারির মধ্যে ১ম শ্রেণি থেকে ৫ম শ্রেণি পর্যন্ত প্রতি শিক্ষার্থীর হাতে বিনামূল্যে পাঠ্যপুস্তক সরবরাহ। | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৬ | [১.৬] দারিদ্র্যপীড়িত এলাকায় স্কুল ফিডিং কার্যক্রম | [১.৬.১] উপকার ভোগী শিক্ষার্থী | ভর্তির হার বৃদ্ধি এবং ঝড়ে পরার হার কমানোর লক্ষ্যে প্রতি শিক্ষার্থীকে উচ্চ পুষ্টিমান সম্পন্ন ৭৫ গ্রাম বিস্কুট প্রদান। | প্রকল্প পরিচালক, স্কুল ফিডিং প্রোগ্রাম, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৭ | [১.৭]বিদ্যালয়ের রুটিন মেরামত ও রক্ষণাবেক্ষণ | [১.৭.১]<br>মেরামতকৃত বিদ্যালয় | পিইডিপি-৩ এর আওতায় চাহিদা মোতাবেক বড়/ছোট ধরনের মেরামত ও সংস্কার। | স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৮ | [১.৮]বিদ্যালয়বিহীন | [১.৮.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | বিদ্যালয়বিহীন গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় (প্রতি বিদ্যালয়ে ৩ টি শ্রেণিকক্ষ এবং ১ টি শিক্ষক কক্ষ) স্থাপন। | প্রকল্প পরিচালক, বিদ্যালয়বিহীন এলাকায় ১৫০০ বিদ্যালয় স্থাপন প্রকল্প, | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের | |

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | গ্রামে নতুন প্রাথমিক বিদ্যালয় স্থাপন। | | নতুন বিদ্যালয় স্থাপনের জন্য স্থায়ীভাবে ৩৩ শতাংশ জমি অনুদানের মাধ্যমে সংগ্রহ করা। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর | কার্যালয়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর ও স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ৯ | [১.৯] প্রাথমিক বিদ্যালয়ে শিক্ষক নিয়োগ। | [১.৯.১] নিয়োগ প্রাপ্ত শিক্ষক | প্রাক-প্রাথমিক শিক্ষার জন্য, নতুন জাতীয়করণকৃত বিদ্যালয়সমূহের জন্য এবং পেনশন জনিত কারনে শূন্য হওয়া সহকারী শিক্ষক পদের নিয়োগ প্রদান কার্যক্রম। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১০ | [১.১০] ঝরে পড়া রোধে সুবিধাবঞ্চিত শিশুদের শিক্ষা ভাতা ও বৃত্তি প্রদান (রস্ক)। | [১.১০.১] উপকার ভোগী শিক্ষার্থী | সুবিধা বঞ্চিত এবং ঝড়ে পরা শিক্ষার্থীদের বিদ্যালয়মুখী করার জন্য শিক্ষা সহায়তা প্রদান। | প্রকল্প পরিচালক, রস্ক প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রকল্প পরিচালকের কার্যালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| ১১ | [২.১] ৫ম শ্রেণির সমাপনী পরীক্ষা গ্রহণ। | [২.১.১] উত্তীর্ণ শিক্ষার্থী | প্রাথমিক শিক্ষার গুণগত মানোন্নয়ন এবং শিক্ষার্থীদের শিক্ষার মানে সমতা আনয়নের উদ্দেশ্যে প্রাথমিক শিক্ষা সমাপনী পরীক্ষা (PECE) প্রবর্তন। প্রতিবছর নভেম্বরের শেষের দিকে এই পরীক্ষা অনুষ্ঠিত হয়। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৩ | [২.২] প্রাথমিক শিক্ষা সমাপণী পরীক্ষায় যোগ্যতাভিত্তিক প্রশ্নের প্রবর্তন | [২.২.১] যোগ্যতাভিত্তিক প্রশ্নের হার | প্রাথমিক শিক্ষা সমাপনী পরিক্ষায় যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন এবং ২০১৮ সালের মধ্যে ৮০% যোগ্যতা ভিত্তিক প্রশ্নপত্র প্রণয়ন | জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমীর সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং জাতীয় প্রাথমিক শিক্ষা একাডেমী ও প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৪ | [২.৩] শিক্ষকদের সি-ইন-এড এবং ডিপইনএড প্রশিক্ষণ প্রদান। | [২.৩.১] প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক | প্রতিটি পিটিআই এ ২০০ জন হিসাবে ৫৫ টি পিটিআই এ মোট ১১০০০ শিক্ষককে সি-ইন-এড/ডিপ-ইন-এড ১২/১৮ মাস মেয়াদী প্রশিক্ষন প্রদান | পিটিআইয়ের সহযোগিতায় প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৫ | [২.৪] বিষয়ভিত্তিক প্রশিক্ষণ | [২.৪.১] বিষয়ভিত্তিক প্রশিক্ষণ প্রাপ্ত শিক্ষক সংখ্যা | শিক্ষকদের কোন নির্দিষ্ট বিষয়ে পাঠদানে দক্ষতা অর্জনের লক্ষ্যে শিক্ষকদের প্রশিক্ষণ দেয়া। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৬ | [২.৫] প্রাথমিক শিক্ষায় তথ্য ও যোগাযোগ প্রযুক্তিভিত্তিক শিক্ষা ব্যবস্থা প্রচলন। | [২.৫.১] ক্রয়কৃত আইসিটি যন্ত্রপাতির সেট | প্রাথমিক শিক্ষায় আইসিটি বিষয়ক জ্ঞানের অন্তর্ভুক্তিকরণের লক্ষ্যে পর্যায়ভিত্তিক ল্যাপটপ, মাল্টিমিডিয়া প্রজেক্টর ক্রয় ও বিতরণ। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৭ | [২.৬] মা সমাবেশের | [২.৬.১] সকল প্রাথমিক | শিক্ষার্থীর মা/অভিভাবকদের মধ্যে শিক্ষা সচেতনতা বৃদ্ধির | এসএমসি'র সহযোগিতায় সংশ্লিষ্ট | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস | |

| ক্র: নং | কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| | আয়োজন | বিদ্যালয়ে মা সমাবেশের আয়োজন | লক্ষ্যে মা/অভিভাবকদের নিয়ে সভা করা। | বিদ্যালয়ের প্রধান ও সহকারি শিক্ষক | রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৮ | [২.৭] মানসম্মত পাঠদান নিশ্চিত করার লক্ষ্যে নিয়মিত বিদ্যালয় পরিদর্শন | [২.৭.১] প্রাথমিক শিক্ষা বিভাগীয় কর্মকর্তা কর্তৃক প্রমাপ অনুযায়ী বিদ্যালয় পরিদর্শন | প্রাথমিক শিক্ষা বিভাগীয় কর্মকর্তা কর্তৃক প্রমাপ অনুযায়ী প্রতি মাসে বিদ্যালয় পরিদর্শন করা | প্রাথমিক শিক্ষা বিভাগীয় পরিদর্শন সংশ্লিষ্ট কর্মকর্তা | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ১৯ | [২.৮] 'অ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস' প্রণয়ন ও প্রকাশ | [২.৮.১] প্রতি বছর 'অ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস'প্রণয়ন ও প্রকাশ | প্রতি বছর 'অ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস' প্রণয়ন ও নির্ধারিত সময়ের মধ্যে প্রকাশ | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের ওয়েব সাইটে প্রকাশ | |
| ২০ | [৩.১] স্কুল লেভেল ইমপ্রুভমেন্ট প্ল্যান বাস্তবায়ন (SLIP) | [৩.১.১] স্লিপ ফান্ড প্রাপ্ত বিদ্যালয় | প্রতিবছর বিদ্যালয় পর্যায়ে উন্নয়ন পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়নের জন্য প্রতিটি বিদ্যালয়কে স্লিপ ফান্ডের মাধ্যমে ৪০ হাজার টাকা প্রদান। | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | এ্যানুয়াল প্রাইমারি স্কুল সেন্সাস রিপোর্ট এবং প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের বার্ষিক প্রতিবেদন | |
| ২১ | [৩.২] উপজেলা ভিত্তিক ই-মনিটরিং সিস্টেম চালুকরণ | [৩.২.১] চালুকৃত উপজেলা | প্রাথমিক শিক্ষা ব্যবস্থাপনার মান উন্নয়নের জন্য উপজেলা ভিত্তিক ইলেকট্রনিক পর্যবেক্ষন কার্যক্রম জোরদার করা | প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সফটওয়্যার প্রতিবেদন | |

## সংযোজনী ৩ : অন্য মন্ত্রণালয়/বিভাগের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

### প্রাথমিক শিক্ষা অধিদপ্তর

| প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট চাহিদা/প্রত্যাশা | চাহিদা/প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| অধিদপ্তর | এলজিইডি | [১.১.১] নির্মিত শ্রেণিকক্ষ<br>[১.৮.১] নতুন স্থাপিত প্রাথমিক বিদ্যালয় | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মাঠ পর্যায় থেকে প্রাপ্ত তালিকা মন্ত্রণালয় অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান হতে বিল প্রদান) এলজিইডি কর্তৃক করা হয়। | সম্পূর্ণ | শিক্ষক প্রশিক্ষণ কার্যক্রম জোরদার, বিদ্যালয়ে পাঠদান পরিবেশ নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| অধিদপ্তর | ডিপিএইচই | [১.২.১] স্থাপিত নলকূপ<br>[১.৩.১]নির্মিত ওয়াশব্লক | নির্ধারিত সময়ে টেন্ডার আহবান ও নির্মাণ কাজ পর্যবেক্ষণ | মন্ত্রণালয় থেকে কেবল তালিকা অনুমোদন করা হয়। নির্মাণ সংক্রান্ত সকল কাজ (টেন্ডার আহবান, বিল প্রদানসহ) ডিপিএইচই কর্তৃক করা হয়। | সম্পূর্ণ | সুপেয় পানি ও স্যানিটেশন নিশ্চিতকরণ বিলম্বিত হবে। |
| বোর্ড | এনসিটিবি | [১.৫.১] বিতরণকৃত পাঠ্যপুস্তক | নির্ধারিত সময়ের মধ্যে পাঠ্যপুস্তক মুদ্রন ও সরবরাহ। | বই মুদ্রণের জন্য টেন্ডার থেকে আহবান, বিল প্রদান ইত্যাদি কাজ এনসিটিবি কর্তৃক করা হয়। | সম্পূর্ণ | নির্ধারিত সময়ে পাঠ্যপুস্তক পাওয়া যাবে না। |